অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/2/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ব্রুকলিনে টাকোম্বির টর্টিলিরিয়ার কাজ শেষ হওয়ার ঘোষণা করলেন

কোম্পানি সানসেট পার্ক অবস্থানে 90টি নতুন চাকরি তৈরির প্রতিশ্রুতি দিয়েছে

নতুন 30,000 বর্গফুটের ফ্যাসিলিটিটি কোম্পানির খুচরা বিক্রি এবং টাকেরিয়া কর্মকাণ্ডকে সমর্থন করে, এবং স্থানীয় উৎপাদন অর্থনীতির প্রবৃদ্ধি করে

গভর্নর হোকল আজকে ব্রুকলিনের সানসেট পার্কের দ্য হোয়েল বিল্ডিংয়ে (The Whale Building) টাকোম্বির (Tacombi) নতুন খাদ্য উৎপাদন ফ্যাসিলিটির কাজ শেষ হওয়ার ঘোষণা করলেন। টাকোম্বি নিউ ইয়র্ক সিটি ভিত্তিক একটি খাদ্য ও পানীয়ের ব্র্যান্ড যাদের উদ্দেশ্য হলো মানুষকে মেক্সিকোর সাথে সংযুক্ত করে দেওয়া। টাকোম্বির নতুন 30,000 বর্গফুটের অত্যাধুনিক ফ্যাসিলিটিটি কোম্পানিটিকে কর্মকাণ্ড সম্প্রসারিত করতে এবং উৎপাদন ধারণক্ষমতা বৃদ্ধি করতে দিবে। টাকোম্বি এই সম্প্রসারণের অংশ হিসেবে কমপক্ষে 90টি নতুন পূর্ণকালীন চাকরি তৈরির প্রতিশ্রুতি দিয়েছে, যা এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) পারফর্ম্যান্সভিত্তিক এক্সেলসিয়র কর্মসংস্থান কর্মসূচির (Excelsior Jobs Program) 1 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত কর ক্রেডিট দ্বারা সমর্থিত হবে।

"ব্রুকলিনে টাকোম্বির নতুন উৎপাদন ফ্যাসিলিটির কাজ শেষ হওয়া হলো স্টেটের উৎপাদন শিল্পখাতকে পুনর্জীবিত করতে এবং নিউ ইয়র্কে মানসম্পন্ন চাকরি নিয়ে আসতে আমাদের প্রয়াসের একটি প্রমাণস্বরূপ," **গভর্নর হোকল বলেন।** "মেক্সিকোর সৈকতের একটি খাবারের ঠেলা থেকে নিউ ইয়র্কের সড়কে পৌঁছে যাওয়া টাকোম্বি নিউ ইয়র্ক সিটির চূড়ান্ত সাফল্যের গল্পগুলির একটি, এবং আমি আনন্দিত যে তারা তাদের সিগনেচার ডিশগুলিকে দেশজুড়ে রেস্টুরেন্ট ও খুচরা বিক্রেতাদের কাছে পৌঁছে দিতে পারবে।"

নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন, "নিউ ইয়র্ক সিটি ব্যবসায় ফেরত এসেছে এবং আমি অতি আনন্দিত যে আজকে সেখানে টাকোম্বির ভিস্তা হার্মোসা (Vista Hermosa) টর্টিয়া কারখানায় অন্তর্ভুক্ত। এটি অত্যাধুনিক ফ্যাসিলিটিটি নিউ ইয়র্ক সিটির জন্য উভয় দিক থেকে বিজয়, এটি পুরো দেশজুড়ে টাকোম্বি রেস্টুরেন্ট এবং খুচরা বিক্রয়কেন্দ্রগুলিতে তাজা টর্টিয়া সরবরাহ করবে এবং সানসেট পার্কে স্থানীয় চাকরি তৈরি করবে। আমার প্রশাসন সর্বদা আমাদের স্থানীয় ব্যবসাসমূহের পাশে আছে এবং নিউ ইয়র্ক সিটির উৎপাদন অর্থনীতির প্রতি গভর্নর হোকলের সমর্থনের জন্য আমি তার প্রতি কৃতজ্ঞ।"

2006 সালে মেক্সিকোর সৈকতে একটি টাকো স্ট্যান্ড হিসেবে শুরু হওয়া টাকোম্বি মার্কিন যুক্তরাষ্ট্রে প্রথম বিক্রি শুরু করে 2010 সালে, নিউ ইয়র্ক সিটির নলিটা এলাকায়। টাকোম্বি এখন ম্যানহাটন, ব্রুকলিন এবং কুইন্সে 11টি টাকেরিয়া পরিচালনা করে এবং তারা তাদের খাঁটি, একদম শুরু থেকে তৈরি মেক্সিকান খাবারের জন্য জনপ্রিয়তা অর্জন করেছে। টাকোম্বি যখন তাদের টাকেরিয়াগুলির জন্য তাদের খাঁটি, মানসম্পন্ন ও তাজা হওয়ার মানদণ্ডের সাথে মানানসই টর্টিয়া পাচ্ছিলো না তখন তারা নিজেরাই তা বানানো শুরু করে এবং ভিস্তা হার্মোসা তৈরি হয়। বর্তমানে ব্রুকলিনে উৎপাদিত হওয়া ভিস্তা হার্মোসার পণ্য 40টি স্টেটের 2,000 এর বেশি দোকানে বিক্রি হয় এবং নিউ ইয়র্ক সিটি, গ্রেটার ওয়াশিংটন ডিসি, এবং মায়ামির ফ্লোরিডার টাকোম্বির 15টি টাকেরিয়াতে পরিবেশন করা হয়। 90 জন নতুন পূর্ণকালীন কর্মচারী কর্মকাণ্ড এবং উৎপাদনের বিভিন্ন ক্ষেত্রে কাজ করবে, এবং এর মধ্যে থাকবে মেশিন অপারেটর, সুপারভাইজর, মান পরিদর্শন এবং ব্যাক অফিসের কর্মচারী।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "সানসেট পার্কে টাকোম্বির নতুন খাদ্য উৎপাদন ফ্যাসিলিটি হলো নিউ ইয়র্ক স্টেট যে বিভিন্ন ধরনের ব্যবসায়িক সমর্থন প্রদান করে তার একটি প্রমাণস্বরূপ, এবং ব্যবসাগুলিকে তাদের লক্ষ্য অর্জনের জন্য অতি গুরুত্বপূর্ণ উপকরণ প্রদান করতে পেরে আমরা গর্বিত। এই সম্প্রসারণটি কর্মসংস্থান সৃষ্টি করে, নিউ ইয়র্ক সিটির অর্থনীতিতে বৈচিত্র্যময় করতে সাহায্য করে এবং ব্যবসা শুরু করা, পরিচালনা করা ও বিকাশ করার স্থান হিসেবে অঞ্চলটির সুনামকে পাকাপোক্ত করে।"

টাকোম্বির প্রতিষ্ঠাতা এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডারিও ওয়োলোস বলেন, "ব্রুকলিনে আমাদের নতুন টর্টিলিরিয়া খোলা হলো টাকোম্বি এবং ভিস্তা হার্মোসার সম্প্রসারণে একটি গুরুত্বপূর্ণ মাইলফলকের চিহ্ন। নিউ জার্সি থেকে নিউ ইয়র্কে আমাদের ফ্যাসিলিটি স্থানান্তর করার পেছনে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রদত্ত কর প্রণোদনা একটি প্রভাবশালী ভূমিকা রেখেছে, এবং আমরা সানসেট পার্কের এমন একটি প্রাণবন্ত ও বৈচিত্র্যময় সম্প্রদায়ে যোগ দিতে পেরে আনন্দিত।"

নিউ ইয়র্ক সিটির আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদের (New York City Regional Economic Development Council) সহপ্রধানগণ, ফিশার ব্রাদার্সের (Fisher Brothers) পার্টনার উইন্সটন ফিশার, এবং নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটির (City University of New York) চ্যান্সেলর ফেলিক্স ভি. ম্যাটোস রড্রিগেজ বলেন, "নিউ ইয়র্ক সিটিতে একটি উৎপাদন ফ্যাসিলিটি খোলার ব্যাপারে টাকোম্বির সিদ্ধান্ত সিটির প্রাণবন্ত খাদ্য সংস্কৃতি এবং একটি বৈশ্বিক ব্র্যান্ড হয়ে উঠার ব্যাপারে কোম্পানির বিবর্তনের কথা বলে। টাকোম্বি শুধু আরো চাকরি এবং অর্থনৈতিক প্রবৃদ্ধিতে অবদান রাখবে না, বরং তাদের নতুন ফ্যাসিলিটিটি রন্ধনসম্পর্কীয় শ্রেষ্ঠ একটি গন্তব্য হিসেবে নিউ ইয়র্ক সিটির সুনামে আরো মসলাদার বল যোগ করবে।"

উৎপাদন হলো নিউ ইয়র্ক স্টেটের একবিংশ শতাব্দীর অর্থনীতির একটি স্তম্ভ, এবং নিউ ইয়র্ক সিটির একটি প্রাণবন্ত খাদ্য উৎপাদন খাত রয়েছে যা কর্মসংস্থানকে সমর্থন করে এবং মুনাফা

সৃষ্টি করে। এইসব কোম্পানিগুলিকে আকৃষ্ট ও ধরে রাখার জন্য স্টেটের প্রয়াসসমূহ বিদ্যমান ও নতুন উৎপাদন ব্যবসাসমূহের সমৃদ্ধির জন্য প্রয়োজনীয় স্থান ও সমর্থন পাওয়া নিশ্চিত করতে সাহায্য করে। টাকোম্বিতে নিউ ইয়র্কের বিনিয়োগ কোম্পানিটির প্রবৃদ্ধিকে এবং বর্ধিত চাহিদা মেটাতে উৎপাদন পরিকল্পনা আরো অগ্রসর করবে, বিভিন্ন খুচরা বিক্রেতা ও কোম্পানির রেস্টুরেন্ট এবং খুচরা কর্মকাণ্ডগুলিকে আরো বেশি স্থানীয়ভাবে প্রস্তুত পণ্য সরবরাহ করবে।

টাকোম্বি একটি শক্তিশালী সম্প্রদায়ের অংশীদার, যারা তাদের অলাভজনক উদ্যোগ টাকোম্বি ফাউন্ডেশনের (Tacombi Foundation) মাধ্যমে অভাবীদের সাহায্য করে।টাকোম্বি ফাউন্ডেশনের কর্মসূচিগুলির লক্ষ্য হলো খাদ্যের উপলভ্যতা, শিক্ষা এবং চাকরির মাধ্যমে মেক্সিকান সম্প্রদায়কে অগ্রসর করা। প্রতি সপ্তাহে, ফাউন্ডেশনের টাকোম্বি কমিউনিটি রান্নাঘর কর্মসূচি (Tacombi Community Kitchen) খাদ্য অনিরাপত্তায় ভুগতে থাকা ব্যক্তিদের জন্য খাদ্য প্রস্তুত করে এবং বিতরণ করে। বর্তমানে, সংগঠনটি নিউ ইয়র্ক সিটি, গ্রেটার ডিসি এবং ফ্লোরিডার মায়ামিজুড়ে 25টি সম্প্রদায়ের অংশীদারের মাধ্যমে এক সপ্তাহে 7,000 এর বেশি বেলার খাবার প্রদান করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন